দামুড়হুদায় বাল্যবিবাহ, কনের পিতাকে দশ হাজার টাকা জরিমানা

দামুড়হুদা উপজেলা সদরে চিৎলা হালদার পাড়ায় বাল্যবিবাহ আয়োজনের দায়ে কিশোরী কনের বাবাকে ১০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। গতকাল বৃহস্পতিবার রাত সাড়ে ১০টার দিকে চিৎলা গ্রামে এঘটনা ঘটে।

দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি)’র অফিস সুত্রে জানাগেছে উপজেলার চিৎলা হালদার পাড়ায় শ্রী ভগিরথ হালদারের ১৪ বছর বয়সী কন্যার ঝিনাইদহ জেলার হলুধানির নাটাবাড়িয়ায় গ্রামে বাল্যবিবাহের প্রস্তুতি চলছিল।

ওই সময় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতার নির্দেশনায় দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস মোবাইল কোর্ট পরিচালনা করে বাল্যবিবাহের আয়োজন বন্ধ করে দেন । মেয়ের বাবা শ্রী ভগিরথ হালদারকে ১০ হাজার টাকা জরিমানা করেন। পাশাপাশি আদালত মেয়ের বয়স ১৮ না হওয়া পর্যন্ত বিয়ে দেবেন না এবং ১৮ বছর না হওয়া পর্যন্ত বর ওই কিশোরীকে বিবাহ করবেন না মর্মে নির্দেশনা দেয়া হয়।

২০১৭ সালের বাল্যবিবাহ নিরোধ আইন অনুযায়ী এ জরিমানা করা হয়। এসময় তিনি বলেন জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে। এসময় দামুড়হুদা মডেল থানার একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস পালিত

“স্মার্ট বাংলাদেশের প্রত্যয় দুর্যোগ প্রস্তুতি সবসময়” এ প্রতিপাদকে সামনে রেখে দামুড়হুদায় জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস ২০২৩ পালিত হয়েছে।

শুক্রবার সকাল ১০টার সময় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বাস্তবায়নে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে দিবসটি উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার অভিজিৎ কুমার, উপজেলা শিক্ষা অফিসার সাকী সালাম, সহকারী শিক্ষা অফিসার নাসির উদ্দিন, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, উপজেলা পাট অফিসার রিয়াজুল ইসলাম, প্রভাষক আবু জাফর, উপজেলা প্রশাসনিক কর্মকর্তা ফায়জুল ইসলাম, দামুড়হুদা ফায়ার সার্ভিস স্টেশন অফিসার নাসির উদ্দিনসহ ফায়ার সার্ভিসের সদস্য বৃন্দ, পিআইও অফিসের অ:স: জাকির হোসেন, কার্যসহকারী বিপ্লব হোসেন। অনুষ্ঠানটির সহযোগিতায় ছিলেন দিনার ও রফিকুল ইসলাম প্রমুখ।

দামুড়হুদার চন্ডিপুরে রাস্তার পাশের ৩০টি সরাকারী গাছ কেটে বিক্রি

দামুড়হুদা উপজলায় সরকারি প্রায় ৩০টি গাছ কেটে বিক্রি করেছে উপজেলার চন্ডিপুর গ্রামর রিয়াজুল ইসলাম, আতিয়ার রহমান, হারুণ মোল্লা ও তাজুল মুহুরীর বিরুদ্ধে। উপজেলার কুড়ালগাছি ইউনিয়নের চন্ডিপুর গ্রামে।

গতকাল বৃহস্পতিবার এ ঘটনা ঘট। অভিযুক্তরা সবাই একই গ্রামের বাসিন্দা। গাছ কাটার খবর পেয় কুড়লগাছি ভুমি অফিসের সহকারী ভুমি কর্মকর্তা তরিকুল ইসলাম দ্রুত ঘটনাস্হলে গিয়ে অর্ধেক গাছ জব্দ করেন এবং অর্ধেক গাছ অন্যত্র সরিয়ে নিয়েছে গাছ মালিক।

স্থানীয় লোকজন সুত্রে জানা গেছে, উপজেলার চন্ডিপুর কবরস্থান মাঠ পাড়ার পাশের ৩০টি মেহগনি গাছ ছিল। ওই গাছগুলা রিয়াজুল ইসলাম,

আতিয়ার রহমান, হারুণ মাল্লা ও তাজুল মুহুরীর জমির পাশে থাকায় তারাযুক্তি করে নিজেরাই কেটে বিক্রি করে দেন। যার আনুমানিক মুল্য লক্ষ্যধিক টাকা।

উপজেলার কুড়লগাছি ইউনিয়ন ভুমি অফিসের সহকারী ভুমি কর্মকর্তা তরিকুল ইসলাম বলেন, খবর পেয়দ্রুত ঘটনাস্থলে গিয়ে অর্ধেক গাছ জব্দ করি এবং অর্ধেক গাছ অন্যত্র সরিয়ে নিয়েছে তারা । তারা তাদের জমির ধারে থাকায় কেট বিক্রি করেছে। বিষয়টি আড়াল করতে অনেক গাছের গোড়ার অংশ মাটি দিয়ে ঢেক দেওয়া হয়েছে। আগামী সোমবার জমির মাপ হবে তার আগ পর্যন্ত গাছ গুলা ঐখানেই থাকবে। যদি রাস্তার ভিতর হয় তাহল আমরা তাদর বিরুদ্ধ আইনি ব্যবস্থা নেবার জন্য উপজলা নির্বাহি অফিসার কাছ সুপারিশ করবো।

অভিযুক্ত রিয়াজুল ইসলাম, আতিয়ার রহমান, হারুণ মাল্লা ও তাজুল মুহুরীর জানান, আমার জমির পাশে গাছগুলা থাকায় কেটছি। এখন বিষয়টি নিয়ে একটু ঝামেলা হচ্ছে। তব গাছ কাটার আগে আমাদেরক আমিন নিয়ে এসে জমি মেপে গাছ কাটতে হতো। আমাদের ভুল হয়েছে। শুনলাম পিচ রাস্তা হবে তাই আমরা গাছগুলা কেটে বিক্রি করি।

এ বিষয়ে কুড়লগাছি ইউনিয়ন পরিষদর চেয়ারম্যান কামাল উদ্দীন বলেন, আগামি সোমবার ঐরাস্তার মাপ আমিন দিয়ে মাপ যোপ করা হবে । সিদান্ত না হওয়া পর্যন্ত কাটা গাছ জমিতেই থাকবে।

এ ব্যাপার দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস বলেন, আমি এইমাত্র শুলনাম অবশ্যই আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

জীবননগরে ত্রি-মুখী সংঘর্ষ আহত-২

জীবননগর শিয়ালমারী বাজারে গরু বিক্রি করতে যেয়ে ত্রি-মুখী সংঘর্ষে দুই জন গুরুত্বর আহত হয়েছে। বৃহস্পতিবার সকাল সাড়ে ৯টার সময় জীবননগর উপজেলার মনোহরপুর গ্রামের আলার মোড়ে এ দুর্ঘটনা ঘটে এতে গাড়ির চালকসহ দুই জন গুরুত্বর আহত হয়েছে।

আহতদের উদ্ধার করে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসার জন্য ভর্তি করা হলে তাদের অবস্থা আশস্ক জনক হওয়ায় প্রাথমিক চিকিৎসা শেষে তাদের উন্নত চিকিৎসার জন্য যশোর সদর হাসপাতালে রেফাট করা হয়।

আহতরা হলেন, জীবননগর পৌর সভার ৪নং ওর্য়াডের আবুল কাশেমের ছেলে মোঃ লিটন লিটন (৩৮) এবং হাসাদহ ইউনিয়নের মাধবপুর গ্রামের খালিদ হোসেনের ছেলে আলমসাধু চালক নাহিদ (৩০)।

স্থানীয় সুত্রে জানা গেছে, বৃহস্পতিবার সকালে আলম সাধু চালক নাহিদ তার গাড়িতে করে গরু বিক্রি করার জন্য শিয়ালমারী বাজারের দিকে যাচ্ছিল এ সময় জীবননগর পৌর পশু হাট থেকে গরু জবাই করে লিটন গরুর মাংস বিক্রি করার জন্য ভ্যান যোগে শিয়ালমারী বাজারে যাচ্ছিল অপর দিক থেকে একটি পাওয়ার টিলার এসে ধাক্কা দিলে ত্রি-মুখী সংঘর্ষের ঘটনা ঘটে।

এ সময় গুরুত্বর আহত অবস্থায় লিটন কসাই ও নাহিদকে স্থানীয় জনগন উদ্ধার করে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

জীবননগর উপজেলা স্বাস্থ্য স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডাঃ নুসরাত জাহান বলেন, বৃহস্পতিবার সকালে দুইজন গুরুত্বর আহত অবস্থায় হাসপাতালে চিকিৎসার জন্য আসে তাদের অবস্থা আশস্কা জনক হওয়ার ফলে তাদের প্রাথমিক চিকিৎসা শেষে উন্নত চিকিৎসার জন্য যশোর সদর হাসপাতালে রেফাট করা হয়েছে।

জীবননগরে প্রাথীদের সাথে আইন-শৃঙ্খলা বিষায়ক মতবিনিময় সভা

আগামি ১৬ মার্চ জীবননগর উপজেলার ৬টি ইউনিয়নে অনুষ্ঠিত হতে যাচ্ছে ইউপি নির্বাচন । এই নির্বাচন উপলক্ষে প্রাথীদের সাথে আইন-শৃঙ্খলা বিষায়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল ১১টার সময় জীবননগর উপজেলা নির্বাচন অফিসের

আয়োজনে জীবননগর সরকারি থানা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকুনুজ্জামানের সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,চুয়াডাঙ্গা জেলার অতিরিক্তি জেলা প্রশাসক (রাজস্ব) মোঃ আরাফাত রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (দামুড়হুদা-জীবননগর) সার্কেল মোঃ মুন্না বিশ্বাস, চুয়াডাঙ্গা জেলা নির্বাচন অফিসার তারেক আহম্মেদ,জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আব্দুল খালেক, জীবননগর উপজেলা নির্বাচন অফিসার মোঃ মেজর আহম্মেদ প্রমুখ।

দামুড়হুদায় ইটভাটার পতিত জমিতে আউশধান আবাদের লক্ষ্যে মতবিনিময় সভা

দামুড়হুদায় উদ্বুদ্ধকরণের মাধ্যমে ইটভাটার পতিত জমিতে খরিপ-১ মৌসুমে আউশধান আবাদ বৃদ্ধিতে ইটভাটা মালিকবৃন্দের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বিকাল ৪টার সময় দামুড়হুদা উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান এর সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা। এসময় তিনি বলেন আমাদের দেশ কৃষি নির্ভর দেশ। দামুড়হুদা উপজেলায় যেসকল ইটভাটা আছে তা ইটের সিজেন ছাড়া বাদবাকি সময় পতিত অবস্থায় পরে থাকে। ওই সকল পতিত জমিতে যদি আউশধান উৎপাদন করা যায় তাহলে আমাদের নিজেদের খাদ্য চাহিদা পূরণ হবে। পাশাপাশি

দেশের খাদ্য উৎপাদনে সহায়ক ভূমিকা পালন করবে। গতবছর এই উপজেলায় প্রায় ২৫০ বিঘা ইটভাটার পতিত জমিতে আউশধান চাষ হয়েছিল। এবছর তা বৃদ্ধি পেয়ে প্রায় ৩৫০ বিঘা জমিতে আউশধান চাষ হবে বলে আশা করছি।

শুধুমাত্র দামুড়হুদা উপজেলাতেই নয়, বাংলাদেশের যত ইট ভাটার পতিত জমি আছে সেখানে যদি এই আউশধান চাষ করা হয় তাহলে বাংলাদেশ খাদ্য উৎপাদনে আরো এক ধাপ এগিয়ে যাবে বলে তিনি মনে করেন। ইটভাটার পতিত জমি গুলো ব্যবহার করে তা আউশধান সহ বিভিন্ন লতা জাতীয় চাষের অনুকূলে এনে চাষাবাদ করলে দেশের খাদ্য উৎপাদনে বিরাট ভূমিকা পালন করবে।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, উপসহকারী কৃষি কর্মকর্তা সাইফুল ইসলাম, বদরুল আলম। উপজেলার ইটভাটার মালিক আমজাদ হোসেন, আ: কাদের, সঞ্জয় কুমার বোস, হাসান আলী, সামসুল হক, মহিউদ্দিন প্রমূখ।

দামুড়হুদা বিষ্ণুপুর মাধ্যমিক বিদ্যালয়ের কৃতিশিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠান

দামুড়হুদার বিষ্ণুপুর মাধ্যমিক বিদ্যালয়ে নবাগত শিক্ষার্থীদের বরণ, এসএসসি পরীক্ষার্থীদের বিদায় এবং কৃতিশিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান করা হয়েছে।

বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টার দিকে বিদ্যালয় চত্বরে অনুষ্ঠিত বিদায়-বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সাংসদ হাজী আলী আজগার টগর এমপি।

বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি মতিয়ার রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু, উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা,

দামুড়হুদা মডেল থানার ওসি ফেরদৌস ওয়াহিদ, জুড়ানপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন, উপজেলা খাদ্য পরিদর্শক জাহাঙ্গীর হোসেন লিটন, জুড়ানপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি অ্যাড. রেজাউল হক রেজা, সাবেক চেয়ারম্যান শাহ মোহা : এনামুল করীম ইনু।

স্বাগত বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক শহিদুল ইসলাম। অফিস সহকারী গোলাম ছারোয়ার নান্নুর সঞ্চালনায় অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন কলাবাড়ি-রামনগর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোস্তাফিজুর রহমান, ইউপি সদস্য মোখলেছুর রহমান, খোকন আলী, আল মাহমুদ আসলাম, বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সদস্য আব্দুর রাজ্জাক রাজা, রফিকুল ইসলাম, ফারুক হোসেন, মেহেরা খাতুন, নাসরিন সুলতানা, সাইফুল ইসলাম, সাবেক সভাপতি হাজি কুতুব উদ্দিন, বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক আল মামুন, বিলায়েত হোসেন, সাবিনা আফরোজ, সাবিনা ইয়াসমিন, জিনজিরা খাতুন, নাসরিন সুলতানা, সেলিম উদ্দিন, সহকারী শিক্ষক রেজওয়ান আমিন, আবু সাইদ মো: হাসান, আনছার আলী, শরিফুল ইসলাম, মজিবর রহমান, শাহিন বাদশা, ট্রেড ইন: মহিবুল হক, শ্রী সরল রায়, গণ গ্রন্থাকারিক রুবাইয়া আক্তার, দামুড়হুদা পুলিশের বিশেষ শাখার এনএসআই শহীদ হোসেন, দর্শনা কলেজ ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক অপু সরকার।

দামুড়হুদায় আন্তর্জাতিক নারী দিবস পালিত

দামুড়হুদায় আন্তর্জাতিক নারী দিবস পালিত হয়েছে। বুধবার সকাল ১০টার দিকে দামুড়হুদা উপজেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক আয়োজিত ৮ই মার্চ আন্তর্জাতিক নারী দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে শোভাযাত্রা ও উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন।

এসময় আরও উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, দামুড়হুদা ওয়েভ ফাউন্ডেশনের সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ, প্রোগ্রাম অফিসার ফরহাদ হোসেনসহ উপজেলার সকল দপ্তরের কর্মকর্তা বৃন্দ।

দর্শনা পৌর আ.লীগের উদ্দ্যগে ঐতিহাসিক ৭ মার্চ পালিত

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক স্মৃতি-বিজড়িত ৭ মার্চের ভাষণ উপলক্ষে সর্বস্তরের জনগণকে সাথে নিয়ে কর্মসূচি পালন করেছে দর্শনা পৌর আওয়ামীলীগ ও সহযাগী সংগঠন।

গত মঙ্গলবার ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষে সকালে দর্শনা পৌর আ,লীগের দলীয় কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন করেন চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সাংসদ হাজী মোঃ আলী আজগার টগর এমপি ও দলীয় পতাকা উত্তোলন করেন দামুড়হুদা উপজলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আ,লীগের সাধারণ সম্পাদক আলী মুনছুর বাবু। পতাকা উত্তোলন শেষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর ঐতিহাসিক ৭ই মার্চে স্বাধীনতার দিক নির্দশনা বক্তব্যে বলেন, বঙ্গবন্ধুর দেওয়া ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণটি বাঙালি জাতির জীবন অতিগুরুত্ব ও তাৎপর্য বহন করে এবং বাঙালি জাতির অনুপ্রেরণার অনিবার্ণ শিখা হয় অফুরান্ত শক্তি ও সাহস যুগিয়ে আসছে। একইসাথে

বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ জাতিসংঘের ইউনিসেফ কর্তক ‘‘বিশ্ব ঐতিহ্যের দলিল” হিসাবে স্বীকৃতি প্রাপ্ত হয়েছে।

এসময় আরও উপস্থিত ছিলেন, দর্শনা পৌরসভার নবনির্বাচিত মেয়র মোঃ আতিয়ার রহমান হাবু, দর্শনা পৌর আ,লীগের সহ-সভাপতি শফিকুল আলম, দর্শনা নাগরিক কমিটির সসদ্য সচিব ও দর্শনা পৌর আ,লীগর যুগ্ম সাধারণ সম্পাদক গোলাম ফারুক আরিফ, দর্শনা ডিএস ফাজিল মাদরাসার শিক্ষক আরিফুজ্জামান আরিফ, কুড়লগাছি ইউনিয়ন আ,লীগের সাবেক সাধারণ সম্পাদক ওসমান গনি, কাজল আহম্মেদ, দর্শনা পৌর ওয়ার্ড কমিটির সাধারন সম্পাদক জয়নাল আবেদীন নফর, সাধারন সম্পাদক নেফাউর রহমান মন্টু, আ,লীগ নেতা বিল্লাল হোসেন, সোলাইমান কবির, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, যুবলীগ নেতা আব্দুস সালাম ভুট্ট, হীরণ, দামুড়হুদা উপজেলা ছাত্র লীগের সভাপতি আরিফুল মল্লিক।

দর্শনা পৌর ছাত্রলীগের সভাপতি রফিকুল ইসলাম ববি, কলেজ ছাত্র লীগের সভাপতি নাহিদ পারভেজ, সাধারন সম্পাদক ছাত্রলীগ নেতা লোমান, অপু সরকার। এছাড়াও দর্শনা পৌর মুক্তিযাদ্ধা সংসদ, পৌর আওয়ামী লীগ, উপজেলা ও পৌর যুবলীগ, ছাত্রলীগ, দর্শনা কলেজ ছাত্র লীগসহ বিভিন্ন অঙ্গ সংগঠনের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

দর্শনায় মায়ের উপর অভিমান করে যুবকের মৃত্যু

চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানার ছোট শলুয়া গ্রামে মায়ের উপর অভিমান করে ঘাসমারা বিষখেয়ে মফিজুল ইসলাম (২৮) মর্মান্তিক মৃত্যু হয়েছে। সে তিতুদহ ইউনিয়নের ছোটশলুয়া ফার্ম পাড়ার রহিম মিয়ার ছেলে।

ঘটনার বিবরনে জানাগেছে গত ২৫ ফেব্রুয়ারী মায়ের উপর অভিমান করে সবার অজান্তে জমিতে দেওয়া ঘাষমারা বিষপান করে।পরে বাড়ির লোকজন জানতে পেরে সাথে সাথে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেয়।কর্তবরত ডাক্টার চিকিৎসা দেওয়ার পর কিছুটা সুস্থ হয়ে ওঠে। ঘটনার ১১ দিনপর

মঙ্গলবার ৭ মার্চ রাত ১ টার দিকে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্য হয়। তার মৃত্যর খবর গ্রামে পৌছালে নেমে আসে শোকের ছায়া।

এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবির বলেন কারো অভিযোগ না থাকায় পরিবারের জিম্মায় দিয়ে দেওয়া হয়েছে।তবে এঘটনায় দর্শনা থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।